

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪০২

পর্ব-৩: পাক-পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৪. দ্বিতীয় অনুচ্ছেদ - উযূর নিয়ম-কানুন

আরবী

وَعَن سعيد بْنِ زَيْدٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لَا وُضُوءَ لِمَنْ لَمْ يَذْكُرِ اسْمَ الله عَلَيْهِ» . رَوَاهُ التِّرْمِذِيّ وَابْن مَاجَه

বাংলা

৪০২-[১২] সা'ঈদ ইবনু যায়দ (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি উযূর শুরুতে 'বিসমিল্লা-হ' (আল্লাহ তা'আলার নাম) পড়েনি তার উযূ (ওযু/ওজু/অজু) হয়নি। (তিরমিয়ী ও ইবনু মাজাহ)[1]

ফুটনোট

[1] সহীহ: তিরমিয়ী ২৫, ইবনু মাজাহ্ ৩৯৮, সহীহুল জামি' ৭৫১৪।

ব্যাখ্যা

ব্যাখ্যা: যে ব্যক্তি উযূ (ওযু/ওজু/অজু) করার শুরুতে আল্লাহর নাম উল্লেখ করলো না, অর্থাৎ- 'বিস্মিল্লা-হ' বললো না তার উযূ (ওযু/ওজু/অজু) হবে না।

"যে ব্যক্তির উযূ করার সময় বিসমিল্লা-হ বলেনি তার উযূ বিশুদ্ধ হয়নি।" বিসমিল্লা-হ বলা সুন্নাত।

- * শাহ ওয়ালীউল্লাহ দেহলভী (রহঃ) ''হুজ্জাতুল্লা-হিল বা-লিগাহ্''-তে বলেনঃ হাদীসটি দলীল- বিসমিল্লা-হ বলাটা অর্থাৎ- এর অর্থ দাঁড়ায় উযূ পরিপূর্ণ হবে না।
- * অন্য হাদীসে রয়েছে لَا صَلُوةً لِمَنْ لَا وَضُوْءَ لَهُ অর্থাৎ যার উযূ (ওযু/ওজু/অজু) বিশুদ্ধ হবে না তার সালাত (সালাত/নামায/নামাজ)ও হবে না। অতএব উযূ শুরু করার পূর্বে বিসমিল্লা-হ বলার গুরুত্ব অপরিসীম।
- * विসिমिल्ला-२ वनात रामीन विश्व उ विश्व उ विश्व अविक भिक्ति विश्व الوضوء بالنبيذ रामीन रथरक विश्व अविक अविक अविक



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন